

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১২-১০-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৯-১০-২০২৩ থেকে ১১-১০-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

০৯ অক্টোবর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পাং জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : সামসিং:৭, আসানসোল:৪; গাজোলডোবা, নলহাটি, আসানসোল:৩; বাগডোগরা, শ্রীনিকেতন, সুরী:২; মাথাভাঙ্গা, বাগরাকোট, সেবক, মূর্তি, রামপুরহাট, কাকদ্বীপ:১

১০ অক্টোবর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): ঘুমুমারী:৫; কোচবিহার:৩; পুন্ডিবাড়ি, মাথাভাঙ্গা, বাগরাকোট:১

১১ অক্টোবর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : তুফানগঞ্জ:২; কোচবিহার:১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৮৩ থেকে ৯০ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৫ থেকে ৯১ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ১১ই অক্টোবর মেদিনীপুরে ৩৬.৪ ডিগ্রি সেলসিয়াস ছিল এবং সর্বনিম্ন তাপমাত্রা ০৯ই অক্টোবর শ্রীনিকেতনে ও ১০ই অক্টোবর বর্ধমানে ২৪.০ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

১২ অক্টোবর (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

১৩ অক্টোবর (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কালিম্পাঙ জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

১৪ অক্টোবর (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পাঙ, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:**১২ অক্টোবর (দিন ১) -**

কোন সতর্কবার্তা নেই।

১৩ অক্টোবর (দিন ২)-

কোন সতর্কবার্তা নেই।

১৪ অক্টোবর (দিন ৩) -

কোন সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত
১২

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

১২-১০-২০২৩